দৈনিক সংবাদ

6

তারিখ 03 SEP 198[illegible]
পৃষ্ঠা 1 কলাম 4

# ৭ই সেপ্টেম্বরের মধ্যে ছাত্রদের দাবী না মানলে ধর্মঘট

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংগঠনগুলোর জোট 'সংগ্রামী ছাত্র ঐক্য' গতকাল বুধবার ঘোষণা করেছে যে আগামী ৭ই সেপ্টেম্বরের মধ্যে তাদের দাবীগুলো মেনে না নেয়া হলে ৯ই সেপ্টেম্বর থেকে বিশ্ববিদ্যালয়ে অবিরাম ছাত্র ধর্মঘট পালন শুরু হবে।

বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার প্রাঙ্গণে গতকাল আয়োজিত ছাত্র সমাবেশ থেকে ওই ঘোষণা দেয়া

(শেষ পৃ: ৬-এর ক: দ্রঃ)

## দাবী না মানলে ধর্মঘট

(১ম পাতার পর)

হয়েছে। শাহজাহান আলম সাজুর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় প্রধান অতিথি ছিলেন গাজীউল হক। বিভিন্ন ছাত্র সংগঠনের কেন্দ্রীয় নেতৃবৃন্দও সভায় বক্তব্য রাখেন।

সংগ্রামী ছাত্র ঐক্যের দাবীগুলো হচ্ছে ২০ জন ছাত্রের বহিষ্কার আদেশ ও ১০ জন ছাত্রের প্রমোশন আটকাদেশ বাতিল, ১২ জন ছাত্রের বিরুদ্ধে দায়েরকৃত 'মিথ্যা মামলা' প্রত্যাহার, সকল কালাকানুন বাতিল এবং উপাচার্যের পদত্যাগ। দাবীগুলো ভিত্তিতে আগামী ৮ই সেপ্টেম্বর ২২টি সংগঠনের পক্ষ থেকে রাজধানীর মোহাম্মদপুরে অবস্থিত ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অফিসের সামনে বিক্ষোভ প্রদর্শনের কর্মসূচীও গতকাল ঘোষণা করা হয়।

সভায় কেন্দ্রীয় ছাত্রনেতাদের মধ্যে সুলতান মোহাম্মদ মনসুর আহমদ, মোস্তফা ফারুক, অহিরুদ্দিন স্বপন, শাহাবউদ্দিন এবং সংগ্রামী ছাত্র ঐক্যের সৌর্জা ওয়ালিদ হোসেন ও আঃ রাজ্জাক শিকদার বক্তব্য রাখেন।